রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ৭, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(আবগারী)

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩শে ফাল্গুন, ১৩৯৫/৭ই মার্চ, ১৯৮৯

নং এস, আর, ও ৬৮/আইন ৮৯/১৯৫/আবগারী—Excises and S lt Act, 1944 (I of 1944) এর section 12A (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ৩রা আষাঢ়, ১৩৯৫ মোতাবেক ১৬ই জুন, ১৯৮৮ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর ও, ১৫৩-আইন/৮৮/১৭৩/আবগারী এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :

উপরি-উক্ত প্রজ্ঞাপনে, টেবিল-২ এর কলাম (1) এর আইটেম নম্বর 13.03 এর বিপরীতে, কলাম (2) এর clause (c) এবং উহার বিপরীতে কলাম (3) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| | |
|---|---|
| "(c) When the charge for admission to an entertainment of a film show provided by a cinema house, | |
| (i) does not exceed taka one | Nil. |
| (ii) exceeds taka one | One hundred and twenty-five per cent of such Charges.". |

রাষ্ট্রপতির আদেশক্রমে
এস, এম, আকরাম
অতিরিক্ত সচিব।



মূল্যঃ ৬০ পয়সা

প্রজ্ঞাপন

ঢাকা ২৩শে ফাল্গুন, ১৩৯৫ ৭ই মার্চ ১৯৮৯

নং এস, আর, ও ৬৯/আইন/৮৯/১৯৬-আবগারী—Excises and Salt Act, 1944 (I of 1944) এর section 3(4), section 37 এর সহিত পঠিতব্য, এ প্রদত্তক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে নিম্ন বর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:

১। (১) সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।—এই বিধিমালা ক্যাপাসিটি ভিত্তিক আবগারী শুল্ক (সিনেমা হাউস) বিধিমালা, ১৯৮৯ নামে অভিহিত হইবে;

(২) এই বিধিমালা ২৬শে ফাল্গুন, ১৩৯৫ বাং মোতাবেক ১০ই মার্চ, ১৯৮৯ইং তারিখে কার্যকর হইবে।

২। সংজ্ঞা—বিষয় বা প্রসংগের পরিস্থিতি কোন কিছু না থাকিলে, এই বিধিমালা,—

(ক) "আইন" অর্থ Excises and Salt Act, 1940 (I of 1944);

(খ) "আবগারী শুল্ক" অর্থ এই বিধিমালার অধীন বার্যকৃত আবগারী শুল্ক।

(গ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম,

(ঘ) "ব্যবস্থাপনা কর্তৃপক্ষ" অর্থ সিনেমা হাউসের মালিক, স্বত্বাধিকারী, ব্যবস্থাপক অথবা সিনেমা ব্যবস্থা পরিচালনার দায়িত্বে নিয়োজিত অন্য যেকোন ব্যক্তি,

(ঙ) "যথাযথ কর্মকর্তা" অর্থ আবগারী সুপারিনটেন্ডেণ্ট পদ মর্যাদার শুল্ক ও আবগারী বিভাগের এমন কোন কর্মকর্তা।

৩। আবগারী শুল্ক বার্য ও আদায়।—এই বিধিমালার বিধৃত বিধান মোতাবেক সিনেমা হাউসের উপর আবগারী শুল্ক বার্য করা হইবে এবং উহার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট হইতে আবগারী শুল্ক আদায় করা হইবে।

৪। সিনেমা হাউস চালু।—(১)নিম্ন বর্ণিত শর্ত পূরণ স্বাপেক্ষে কোন সিনেমা হাউস চালু রাখা যাইবে, যথা:—

(ক) যথাযথ কর্মকর্তার নিকট ১০০.০০ টাকা ফি প্রদান করিয়া আবগারী লাইসেন্স গ্রহণ;

(খ) যথাযথ কর্মকর্তার নিকট ১০০০.০০ টাকা জামানত হিসাবে গচ্ছিত রাখা; এবং

(গ) যথাযথ কর্মকর্তা কর্তৃক নির্ধারিত ফরমে একটি বণ্ড সম্পাদন।

(২) উপবিধি (১) (ক) এর অধীনে গৃহীত লাইসেন্স এক বৎসর পর পর ১০০.০০ টাকা নবায়ন ফি প্রদান করিয়া নবায়িত করিতে হইবে।

৫। প্রবেশ পত্র।—(১) এই বিধিমালার বিধি ৮ এর বিধান সাপেক্ষে, চলচ্চিত্র প্রদর্শনকালে কোন ব্যক্তি প্রবেশ পত্র ব্যতিরেকে সিনেমা হাউসে প্রবেশ করিতে পারিবে না।

(২) প্রবেশপত্র ফরম 'ক' তে ইস্যু করিতে হইবে।

৬। মাসিক বিবরণী।—প্রত্যেক মাস সমাপ্ত হইবার ৭ দিনের মধ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ফরম 'খ' তে চলচ্চিত্র শো সম্পর্কিত একটি মাসিক বিবরণী যথাযথ কর্মকর্তার নিকট প্রেরণ করিবে।

৭। ঘোষণা।—সিনেমা হাউসে চলচ্চিত্র প্রদর্শন আরম্ভ করার পূর্বে এবং প্রতি বৎসর ১৫ই ডিসেম্বর তারিখের মধ্যে উহার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ফরম 'গ'তে ঘোষণা প্রদান করিবে।

৮। সিনেমা হাউস পরিদর্শন।—আইনের বিধান এবং এই বিধিমালার বিধান সমূহ পালন করা হইতেছে কিনা উহা দেখিবার জন্য যথাযথ কর্মকর্তা কিংবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য যে কোন কর্মকর্তা চলচ্চিত্র প্রদর্শনকালীন সময় কিংবা অন্য যে কোন যুক্তি যুক্ত সময়ে সিনেমা হাউসে প্রবেশ করিতে পারিবেন।

৯। আবগারী শুল্ক নির্ধারণ।—(১) নিম্ন বর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিয়া আবগারী শুল্ক নির্ধারণ করা হইবে, যথাঃ—

(ক) সিনেমা হাউসের শ্রেণী ভিত্তিক আসনের মোট সংখ্যা;

(খ) প্রবেশ পত্র প্রদর্শিত বিভিন্ন শ্রেণীর প্রবেশ মূল্য,

(গ) সপ্তাহের বিভিন্ন দিবসে অনুষ্ঠিত প্রদর্শনীর সংখ্যা অনুসারে বাৎসরিক মোট প্রদর্শনীর সংখ্যা।

(২) উপ-বিধি (১) অনুযায়ী নির্ধারিত আবগারী শুল্ক নিম্নবর্ণিত হারে প্রদেয় এবং আদায়যোগ্য হইবে, যথা :—

(ক) ঢাকা মেট্রোপলিটন এলাকায় অবস্থিত শীতাতপ নিয়ন্ত্রিত সিনেমা হাউসের ক্ষেত্রে নির্ধাররিত শুল্কের ষাট শতাংশ;

(খ) চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় অবস্থিত শীতাতপ নিয়ন্ত্রিত সিনেমা হাউসের ক্ষেত্রে নির্ধারিত শুল্কের পঞ্চাশ শতাংশ;

(গ) ঢাকা মেট্রোপলিটন এবং চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাদ্বয়ের অবস্থিত শীতাতপ নিয়ন্ত্রিত নয় এমন সিনেমা হাউসের ক্ষেত্রে নির্ধারিত শুল্কের চল্লিশ শতাংশ;

(ঘ) খুলনা মেট্রোপলিটন এলাকায় এবং রাজশাহী বিভাগীয় সদরের পৌর এলাকায় অবস্থিত শীতাতপ নিয়ন্ত্রিত সিনেমা হাউসের ক্ষেত্রে নির্ধারিত শুল্কের পঁয়ত্রিশ শতাংশ;

(ঙ) খুলনা মেট্রোপলিটন এলাকায় এবং রাজশাহী বিভাগীয় সদরের পৌর এলাকায় অবস্থিত শীতাতপ নিয়ন্ত্রিত নয় এমন সিনেমা হাউস এবং নারায়নগঞ্জ কুমিল্লা, সিলেট, ময়মনসিংহ রংপুর, দিনাজপুর, বগুড়া, পাবনা, কুষ্টিয়া, যশোর এবং বরিশাল জেলা সদরের পৌর এলাকায় অবস্থিত সিনেমা হাউসের ক্ষেত্রে নির্ধারিত শুল্কের ত্রিশ শতাংশ;

(চ) উপরি-উল্লিখিত এলাকার মধ্যে নয় এমন কোন পৌর এলাকাধীন সিনেমা হাউসের ক্ষেত্রে নির্ধারিত শুল্কের সাড়ে বাইশ শতাংশ;

(ছ) দফা (ক) হইতে (চ) পর্যন্ত উল্লিখিত পৌর এলাকার সীমানার এক কিলো-মিটার দূরত্বের মধ্যে সিনেমা হাউসের ক্ষেত্রে সংশ্লিষ্ট পৌর এলাকার জন্য প্রযোজ্য হ্রাসকৃত হার।

(জ) অন্যান্য এলাকায় অবস্থিত সিনেমা হাউসের ক্ষেত্রে নির্ধারিত শুল্কের সাড়ে বার শতাংশ।

১০। আবগারী শুল্ক পরিশোধ।—(১) এই বিধিমালা মোতাবেক প্রদেয় আবগারী শুল্ক প্রতি সপ্তাহে পরিশোধ করিতে হইবে এবং বার্ষিক প্রদেয় আবগারী শুল্ক অনধিক ৫২টি কিস্তিতে পরিশোধ করিতে হইবে:

তবে শর্ত থাকে প্রতিটি কিস্তি অগ্রিম পরিশোধ করিতে হইবে।

(২) ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ইচ্ছা করিলে একাধিক কিস্তির টাকা একত্রে পরিশোধ করিতে পারিবে।

(৩) উপ-বিধি (১) এ নির্ধারিত সময় সীমার মধ্যে কোন সিনেমা হাউসের আবগারী শুল্ক পরিশোধ করা না হইলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট হইতে প্রতি মাস অথবা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য শতকরা পাঁচ ভাগ হারে অতিরিক্ত শুল্ক আদায় করা হইবে।

১১। ট্রেজারী চালান।—ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সরকারী ট্রেজারী অথবা সাব-ট্রেজারীতে চালানের মাধ্যমে আবগারী শুল্কের টাকা জমা করার ৭ দিনের মধ্যে চালানের ডুপ্লিকেট কপি যথাযথ কর্মকর্তার নিকট দাখিল করিবে।

১২। আপীল।—ব্যবস্থাপনা কর্তৃপক্ষ তাহার হলের উপর ধার্যকৃত বার্ষিক আবগারী শুল্কের ব্যাপারে সংক্ষুব্ধ হইলে উহার বিরুদ্ধে আইনের section 3(6) এর অধীন গঠিত ষ্ট্যাণ্ডিং ট্রাইব্যুনাল এর নিকট আবগারী শুল্ক নির্ধারণের তারিখ হইতে ৩০ দিনের মধ্যে আপীল করিতে পারিবে এবং উক্ত আপীলের উপর ষ্ট্যাণ্ডিং ট্রাইব্যুনালের রায় চূড়ান্ত হইবে।

১৩। দণ্ড।—এই বিধিমালার কোন বিধান লংঘন করা হইলে, যে সিনেমা হাউসের ক্ষেত্রে উহা লংঘন করা হইয়াছে সে সিনেমা হাউস বন্ধ ঘোষণা ও উহার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর ১০,০০০ টাকা পর্যন্ত অর্থ দণ্ড প্রদান করা যাইবে।

এস, এম, আকরাম
সদস্য (আবগারী)।

## ফরম 'ক'

(বিধি ৫ দ্রষ্টব্য)

## প্রবেশ পত্র

| | | |
|---|---|---|
| সিনেমা হাউসের নাম ও ঠিকানা | সিনেমা হাউসের নাম ও ঠিকানা | সিনেমা হাউসের নাম ও ঠিকানা |
| ক্রমিক নং তাং | ক্রমিক নং তাং | ক্রমিক নং তাং |
| শো শ্রেণী | শো শ্রেণী | শো শ্রেণী |
| প্রবেশ ফি | প্রবেশ ফি | প্রবেশ ফি |
| অন্যান্য চার্জ | অন্যান্য চার্জ | অন্যান্য চার্জ |
| আবগারী শুল্ক | আবগারী শুল্ক | আবগারী শুল্ক |
| মোট | মোট | মোট |

ফরম 'খ'

(বিধি ৬ দ্রষ্টব্য)

চলচ্চিত্র শো সম্পর্কিত মাসিক বিবরণী

সিনেমা হলের নাম—————————

মাস—————————

| প্রদর্শিত চলচ্চিত্রের নাম ও সংখ্যা | প্রদর্শিত শো এর সংখ্যা | | | | প্রবেশ মূল্য | | | আবগারী শুল্ক হার | | | বিভিন্ন শ্রেণীতে বিক্রিত প্রবেশ পত্রের সংখ্যা | | | কিস্তি পরিশোধের বিবরণী | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | | | | (৩) | | | (৪) | | | (৫) | | | (৬) | | | (৭) |
| | নিয়মিত শো | প্রভাতি শো | বিশেষ শো | মোট | ড্রেস সার্কেল | ১ম শ্রেণী | ২য় শ্রেণী | ড্রেস সার্কেল | ১ম শেনী | ২য় শ্রেণী | ড্রেস সার্কেল | ১ম শ্রেণী | ২য় শ্রেণী | কিস্তির পরিমাণ | কিস্তি পরিশোধের তারিখ | বকেয়া পরিমাণ অতিরিক্ত | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |

এই মর্মে ঘোষণা করিতেছি যে উপরে বর্ণিত তথ্যাদি আমার জানামতে নির্ভুল।

সিনেমা হাউসের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর

বিঃদ্রঃ সিনেমা হাউসে বিদ্যমান শ্রেণীর নাম অনুসারে ছকে বর্ণিত শ্রেণীর নামে পরিবর্তনকরা ও প্রয়োজনে অতিরিক্ত কলাম সংযোজন করা যাইতে পারে।

ফরম 'গ'

(বিধি ৭ দ্রষ্টব্য)

সিনেমা হাউসের শ্রেণীভিত্তিক আসন সংখ্যা, প্রবেশ মূল্য ও শো এর সংখ্যা সম্পর্কিত ঘোষণা পত্র।

বরাবরে

ডেপুটি/সহকারী কালেক্টর অব একসাইজ

.......................

.......................

.......................

ক্যাপাসিটিভিত্তিক আবগারী শুল্ক (সিনেমা হাউস) বিধিমালা, ১৯৮৯ এর বিধি ৭ এর বিধান অনুসারে আমি/আমরা আমাদের সিনেমা হাউসের প্রয়োজনীয় তথ্যাবলীর ঘোষণা নিম্নে প্রদান করিলাম :

১। সিনেমা হাউসের নাম :

২। শীতাতপ নিয়ন্ত্রিত/শীতাতপ নিয়ন্ত্রিত নয় :

৩। ঠিকানা :

৪।

| শ্রেণীর নাম | আসন সংখ্যা | প্রবেশ মূল্য | আবগারী শুল্ক (প্রবেশ মূল্যের শতকরা ১২৫ ভাগ হারে) | মোট আবগারী শুল্ক |
|---|---|---|---|---|
| | | | | |
| (ক) ......... | | | | |
| (খ) ......... | | | | |
| (গ) ......... | | | | |
| (ঘ) ......... | | | | |
| মোট। | | | | |

৫। দৈনিক নিয়মিত 'শো' এর সংখ্যা :
(শো এর সময়ের উল্লেখ করিতে হইবে)

৬। বাৎসরিক নিয়মিত 'শো' এর সংখ্যা :

৭। সাপ্তাহিক বিশেষ 'শো' এর সংখ্যা :
(দিবস ও সময়ের উল্লেখ করিতে হইবে)

৮। বাৎসরিক বিশেষ 'শো' এর সংখ্যা :

৯। সাপ্তাহিক প্রভাতী 'শো' এর সংখ্যা :
(সময় ও দিবসের উল্লেখ করিতে হইবে)

১০। বাৎসরিক প্রভাতী 'শো' এর সংখ্যা :

১১। মোট 'শো' সংখ্যা :

(৬+৮+১০)

বাৎসরিক হিসাব প্রদানকালে প্রত্যেকটি বৎসরকে ৩৬৫ দিন ধরিতে হইবে।

আমি/আমরা এই মর্মে অংগীকার করিতেছি যে, উপরোক্ত ঘোষণা আমার/আমাদের জানা-মতে সম্পূর্ণ সত্য ও নির্ভুল।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের

স্বাক্ষর ও সীল।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।